## মঞ্জুরি নং-৩৯

# ১৪২-জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| পরিচালন ব্যয় | ৯১,৬৮,০০ | ৯৮,১০,০০ | ১০৪,৯৬,০০ |
| উন্নয়ন ব্যয় | ২০৮৬,৩২,০০ | ২২৩২,৩৬,০০ | ২৩৮৮,৬৩,০০ |
| **মোট** | **২১৭৮,০০,০০** | **২৩৩০,৪৬,০০** | **২৪৯৩,৫৯,০০** |
| | | | |
| আবর্তক | ৯০,৪২,৫৩ | ১০৫৩,৯৮,৯৩ | ২০২,৩৮,৭১ |
| মূলধন | ৯৬,৪২,৪৭ | ১২৭৬,৪৭,০৭ | ২২৯১,২০,২৯ |
| আর্থিক সম্পদ | ১৯৯১,১৫,০০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **২১৭৮,০০,০০** | **২৩৩০,৪৬,০০** | **২৪৯৩,৫৯,০০** |

### ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

জ্বালানি ও খনিজ সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উত্তোলন, আহরণ, আমদানি বিতরণ এবং সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের জ্বালানি নিরাপত্তা অর্জন।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১. তেল, প্রাকৃতিক গ্যাস, তরল পেট্রোলিয়াম পদার্থ ও খনিজ সম্পদ বিষয়ক আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন;

১.২.২. তেল, গ্যাস ও অন্যান্য খনিজ সম্পদের বিষয়ে গবেষণা, জরিপ, অনুসন্ধান, উত্তোলন, আমদানি ও বিপণন;

১.২.৩. জ্বালানি তেল ও এর উপজাত দ্রব্যাদি, লুব্রিকেন্টস ইত্যাদি আমদানি, মজুদ, পরিশোধন, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ;

১.২.৪. ভূতাত্ত্বিক জরিপ সংশ্লিষ্ট কর্মসূচির পরিকল্পনা ও বাস্তবায়ন; এবং

১.২.৫. আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক লিয়োজোঁ, সমঝোতা স্মারক এবং চুক্তি সম্পাদন।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. তেল, প্রাকৃতিক গ্যাস, তরল পেট্রোলিয়াম পদার্থ ও খনিজ সম্পদ বিষয়ক আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন ও সংশোধন | • গ্যাস বিপণন নীতিমালা প্রণয়ন<br>• কয়লা নীতি প্রণয়ন<br>• সমন্বিত এলপিজি নীতিমালা প্রণয়ন<br>• জ্বালানি তেল বিক্রয়ের লক্ষ্যে নতুন ফিলিং স্টেশন/সার্ভিস স্টেশন স্থাপনে ডিলার নিয়োগ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন | • সচিবালয় |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ২. তেল, গ্যাস ও খনিজ সম্পদ জরিপ ও অনুসন্ধান | • ভূতাত্ত্বিক জরিপ সম্পাদন (গ্যাস)<br>• ২ডি ও ৩ডি সিসমিক সার্ভের মাধ্যমে জ্বালানির (গ্যাস) উৎস অনুসন্ধান:<br>• গ্যাস অনুসন্ধান কূপ খনন | • পেট্রোবাংলা |
| | • ভূতাত্ত্বিক ও ভূ-প্রকৌশল মানচিত্রায়ন<br>• খনিজ সম্পদ অনুসন্ধান (খনন) | • বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর |
| | • জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ ও নতুন জ্বালানি বিষয়ক ওয়ার্কশপ, সেমিনার, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা | • সচিবালয়<br>• হাইড্রোকার্বন ইউনিট<br>• বাংলাদেশ পেট্রোলিয়াম<br>• ইনস্টিটিউট (বিপিআই)<br>• বিস্ফোরক পরিদপ্তর |
| ৩. দেশের সকল অঞ্চলে জ্বালানি মজুদ, সরবরাহ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ | • গ্যাস সঞ্চালন পাইপ লাইন নির্মান ও সম্প্রসারণ<br>• গ্যাস বিতরণ পাইপ লাইন নির্মাণ ও সম্প্রসারণ<br>• প্রি-পেইড মিটার স্থাপন<br>• গ্যাসের অবৈধ সংযোগ ও খেলাপী গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্নকরণ ও আইনি পদক্ষেপ গ্রহণ<br>• প্রাকৃতিক গ্যাসের সিস্টেম লস হ্রাসকরণ<br>• গ্যাসের চাহিদার বিপরীতে অভ্যন্তরীণ উৎপাদনের ঘাটতি মেটানোর উদ্দেশ্যে এলএনজি আমদানি<br>• গ্যাস উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার অটোমেশন | • পেট্রোবাংলা |
| | • তেল ও পেট্রোলিয়াম দ্রব্যাদির মজুদ ক্ষমতা বৃদ্ধি<br>• অপরিশোধিত পেট্রোলিয়াম জাতীয় দ্রব্যাদির পরিশোধনের ক্ষমতা বৃদ্ধি<br>• অপরিশোধিত তেল ও পেট্রোলিয়াম আমদানি, পরিশোধন ও সুষ্ঠু বিতরণ<br>• পরিশোধিত জ্বালানি তেল ও পেট্রোলিয়াম দ্রবাদি আমদানি ও সরবরাহ<br>• এলপিজি সরবরাহ বৃদ্ধি<br>• পেট্রোলিয়াম পাইপলাইন স্থাপন ও সম্প্রসারণ<br>• ফিলিং স্টেশন ব্যবস্থাপনার অটোমেশন | • বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) |
| | • বিভিন্ন দাহ্য পদার্থের উৎপাদন, মজুদ, পরিবহন ও ব্যবহারে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় অনাপত্তি লাইসেন্স ইস্যু ও নবায়ন<br>• বিস্ফোরক দ্রব্য পরীক্ষণ ও পরিদর্শন | • বিস্ফোরক পরিদপ্তর |
| | • জ্বালানি সম্পদের মজুদ সংক্রান্ত সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন | • হাইড্রোকার্বন ইউনিট |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৪. তেল, গ্যাস ও অন্যান্য খনিজ সম্পদ উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ | • জাতীয় কোম্পানি ও আইওসির মাধ্যমে গ্যাস উত্তোলন<br>• গ্যাস উৎপাদন বৃদ্ধিকল্পে ওয়ার্কওভার কূপ খনন<br>• বিকল্প জ্বালানি হিসেবে কয়লা উত্তোলন<br>• পেট্রোলিয়াম প্রোডাক্টস এর উৎপাদন বৃদ্ধিকরণ (এলএনজি ব্যতীত)<br>• কঠিন শিলা উত্তোলন | • পেট্রোবাংলা |
| | • তেল ও গ্যাস ব্যতীত অন্যান্য খনিজ সম্পদ আহরণের উদ্দেশ্যে ইজারা ও লাইসেন্স প্রদান | • খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) |

## ৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ুর উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ তেল, প্রাকৃতিক গাস, তরল পেট্রোলিয়াম পদার্থ ও খনিজ সম্পদ বিষয়ক আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন ও সংশোধন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** তেল, প্রাকৃতিক গাস, তরল পেট্রোলিয়াম পদার্থ ও খনিজ সম্পদ বিষয়ক আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন ও সংশোধনের ফলে জ্বালানি ও খনিজ সম্পদের অনুসন্ধান, আহরণ, সুষ্ঠু সরবরাহ ও দক্ষ ব্যবহার বৃদ্ধি পেয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ উৎপাদন সরবরাহ ও বিক্রয় ব্যবস্থায় কর্মসংস্থানের ও দারিদ্র বিমোচনের সুযোগ রয়েছে। এর ফলে কৃষি, শিল্প, যোগাযোগ ও অন্যান্য সেবা খাতসহ বিদ্যুৎ উৎপাদনে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন তথা কর্মসংস্থান ও জাতীয় আয় বৃদ্ধিতে গতি এসেছে; যা দারিদ্র বিমোচনে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ভূমিকা পালন করছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** জ্বালানির নিরবচ্ছিন্ন সরবরাহের মাধ্যমে শিল্প, কৃষি, যোগাযোগ, বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হয়। ফলে নারীদর কর্মসংস্থান বৃদ্ধি পায় এবং দেশের অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের অংশগ্রহণ নিশ্চিত হয়। এছাড়া, গ্রহস্থালী রান্না ও হিটিংয়ে ব্যবহৃত উন্নত জ্বালানি সরবরাহের মাধ্যমে নারীর স্বাস্থ্য ঝুঁকি ও রান্নার সময় হ্রাসের মাধ্যমে নারী উন্নয়নে এ বিভাগ সহায়ক ভূমিকা পালন করছে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর প্রভাব:** জ্বালানি ব্যবহারের সাথে গ্রীনহাউস গ্যাস নিঃসরণ তথা বৈশ্বিক উষ্ণতার সরাসরি সর্ম্পক বিদ্যমান। জলবায়ু পরিবর্তনের উপর প্রভাব হ্রাসের নিমিত্তে এ বিভাগ জ্বালানি দক্ষতা বৃদ্ধি এবং নবায়নযোগ্য ও নতুন জ্বালানি উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন ও সংশোধনের কার্যক্রম গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায়, রান্নার কাজে এবং যোগাযোগের ক্ষেত্রে এলপিজি সরবরাহ বৃদ্ধি যথাক্রমে বায়োম্যাস ও তরল পেট্রোয়িাম পদার্থ ব্যবহার হ্রাসের মাধ্যমে গ্রীনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাসে ভূমিকা রাখছে।

#### ৩.১.২ তেল, গ্যাস ও খনিজ সম্পদ জরিপ ও অনুসন্ধান

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** তেল, গ্যাস ও খনিজ সম্পদ জরিপ ও অনুসন্ধানের মাধ্যমে এ বিভাগ জ্বালানি সরবরাহ নিশ্চিত করে। ফলে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থান সৃষ্টি হয়, শিল্প ও বাণিজ্যের প্রসার ঘটে এবং অর্থনৈতিক কর্মকান্ড গতিশীল হয়। এছাড়া, জ্বালানি ও খনিজ সম্পদ উৎপাদন, সরবরাহ ও বিক্রয় ব্যবস্থায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়; যা দারিদ্র বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে

**নারী উন্নয়নের উপর প্রভাব:** সাম্প্রতিক সময়ে দেশীয় গ্যাস উত্তোলনের পাশাপাশি আর-এলএনজি গ্রিডে যুক্ত হওয়ায় প্রয়োজনীয় চাপে সামগ্রিক গ্যাস সরবরাহের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে শিল্প কারখানার বিকাশের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ডে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে। গৃহস্থালী কাজে গ্যাস ব্যবহারের মাধ্যমে প্রচলিত গ্রামীণ জ্বালানির তুলনায় নারীরা অল্প সময়ে রান্নার কাজ শেষ করতে পারে। এতে আয়বর্ধক কাজে যেমন নারীদের অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে তেমনি তাদের স্বাস্থ্য ঝুঁকিও

কমেছে। তেল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলনের সক্ষমতা বৃদ্ধির ফলে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হচ্ছে।দেশের অর্ধেক জনসংখ্যা নারী বিধায় নারীরা উন্নয়নের অংশীধার হচ্ছে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর প্রভাব:** জ্বালানি ব্যবহারের সাথে গ্রীনহাউস গ্যাস নিঃসরণ তথা বৈশ্বিক উষ্ণতার সরাসরি সর্ম্পক বিদ্যমান। জলবায়ু পরিবর্তনের উপর প্রভাব হ্রাসের নিমিত্তে এ বিভাগ জ্বালানি দক্ষতা বৃদ্ধি এবং নবায়নযোগ্য ও নতুন জ্বালানি উন্নয়নের কার্যক্রম গ্রহণ করেছে। রান্নার কাজে এবং যোগাযোগের ক্ষেত্রে এলপিজি সরবরাহ বৃদ্ধি যথাক্রমে বায়োম্যাস ও তরল পেট্রোয়িাম পদার্থ ব্যবহার হ্রাসের মাধ্যমে গ্রীনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাসে ভূমিকা রাখছে।

**৩.১.৩** দেশের সকল অঞ্চলে জ্বালানি মজুদ, সরবরাহ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ।

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** দেশের সুষম উন্নয়নে সকল অঞ্চলে জ্বালানি মজুদ, সরবরাহ ও সুষ্ঠু ব্যবহারে এ বিভাগ কাজ করছে। বিশেষত শিল্প খাতে গ্যাস সরবরাহের পাশাপাশি এ বিভাগ গৃহস্থালি কাজে ব্যবহারের জন্যও গ্যাস সরবরাহ করছে। এছাড়াও সারাদেশে জ্বালানি তেল সরবরাহ ও পরিবহনের কাজও এ বিভাগের মাধ্যমে পরিচালিত হয়।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** দেশের সকল অঞ্চলে জ্বালানি মজুদ, সরবরাহ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ড গতিশীল হয়েছে। এতে উল্লেখযোগ্য হারে আয়বর্ধক কাজের প্রতুলতা বেড়েছে। ফলশ্রুতিতে মোট জনসংখ্যার অর্ধেক হিসেবে নারীও এর সুফল ভোগ করছে। ফলে নারী উন্নয়নে তার প্রভাব দৃশ্যমান।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর প্রভাব:** জ্বালানি ব্যবহারের সাথে গ্রীনহাউস গ্যাস নিঃসরণ তথা বৈশ্বিক উষ্ণতার সরাসরি সর্ম্পক বিদ্যমান। জলবায়ু পরিবর্তনের উপর প্রভাব হ্রাসের নিমিত্তে এ বিভাগ জ্বালানি দক্ষতা বৃদ্ধি এবং নবায়নযোগ্য ও নতুন জ্বালানি উন্নয়নের কার্যক্রম গ্রহণ করেছে। রান্নার কাজে এবং যোগাযোগের ক্ষেত্রে এলপিজি সরবরাহ বৃদ্ধি যথাক্রমে বায়োম্যাস ও তরল পেট্রোয়িাম পদার্থ ব্যবহার হ্রাসের মাধ্যমে গ্রীনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাসে ভূমিকা রাখছে।

**৩.১.৪ তেল, গ্যাস ও অন্যান্য খনিজ সম্পদ উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ**

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** এ বিভাগ জ্বালানি তেল আমদানি ও সরবরাহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করে। এছাড়াও স্থানীয় গ্যাস উৎপাদন বৃদ্ধির জন্য নতুন কূপ খনন, কূপ উন্নয়ন ও ওয়ার্কওভার কার্যক্রম পরিচালনায় নীতিগত ও সহায়তা প্রদান ও প্রকল্প গ্রহণ করা হয়েছে। এছাড়াও এলএনজি আমদানির মাধ্যমে জ্বালানি সরবরাহ নিশ্চিত করে অন্যান্য খনিজ সম্পদ অনুসন্ধান ও আহরণ বৃদ্ধিতে নতুন নুতন প্রকল্প গ্রহণ করা হচ্ছে।ফলে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থান সৃষ্টি হয়, শিল্প ও বাণিজ্যের প্রসার ঘটে এবং অর্থনৈতিক কর্মকান্ড গতিশীল হয়; যা দারিদ্র বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে

**নারী উন্নয়নের উপর প্রভাব:** দেশের জনসংখ্যার অর্ধেক নারী। ফলে অর্থনৈতিক কর্মকান্ড পরিচালনা ও অর্থনৈতিক উন্নয়নে জ্বালানি সরবরাহে এ বিভাগের ভূমিকার সুফলভোগী। এছাড়া, গ্রহস্থালী রান্না ও হিটিংয়ে ব্যবহৃত উন্নত জ্বালানি সরবরাহের মাধ্যমে নারীর স্বাস্থ্য ঝুঁকি ও রান্নার সময় হ্রাসের মাধ্যমে নারীর উন্নয়নে এ বিভাগ সহায়ক ভূমিকা পালন করছে

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর প্রভাব:** জ্বালানি ব্যবহারের সাথে গ্রীনহাউস গ্যাস নিঃসরণ তথা বৈশ্বিক উষ্ণতার সরাসরি সর্ম্পক বিদ্যমান। জলবায়ু পরিবর্তনের উপর প্রভাব হ্রাসের নিমিত্তে এ বিভাগ জ্বালানি দক্ষতা বৃদ্ধি এবং নবায়নযোগ্য ও নতুন জ্বালানি উন্নয়নের কার্যক্রম গ্রহণ করেছে। রান্নার কাজে এবং যোগাযোগের ক্ষেত্রে এলপিজি সরবরাহ বৃদ্ধি যথাক্রমে বায়োম্যাস ও তরল পেট্রোয়িাম পদার্থ ব্যবহার হ্রাসের মাধ্যমে গ্রীনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাসে ভূমিকা রাখছে

## ৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| দারিদ্র্য নিরসন | ১৫২৬,২৫,৯০ | ১৪৯৩,২৪,১৮ | ১৪৯৩,২৪,১৮ |
| নারী উন্নয়ন | ৯৮৫,৭২,২৩ | ৪০,৩৮,১৯ | ৪০,৩৮,১৯ |
| জলবায়ু পরিবর্তন | ৬২৫,৯০,০০ | ৬৮৮,৪৯,০০ | ৭৫৭,৩৩,৯০ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. গ্যাস অনুসন্ধান ও কূপখনন**<br>গ্যাসের ক্রমবর্ধমান চাহিদা মেটানোর লক্ষ্যে জরিপ, অনুসন্ধান ও কূপ খনন কার্যক্রম জোরদারকরণ অপরিহার্য। অনুসন্ধান কার্যক্রমের মাধ্যমে নতুন নতুন গ্যাসক্ষেত্র আবিষ্কার করা সম্ভব হলে দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা যাবে বিধায় এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • তেল, গ্যাস ও খনিজ সম্পদ জরিপ ও অনুসন্ধান |
| **২. গ্যাস উত্তোলন ও সরবরাহ বৃদ্ধি এবং গ্যাসের সর্বোত্তম ব্যবহার**<br>শিল্পায়ন ও সেবাখাতের উন্নয়নকল্পে গ্যাস নেটওয়ার্ক সম্প্রসারণের মাধ্যমে চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ এবং গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা সম্ভব হলে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন সম্ভব। এ জন্য এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • দেশের সকল অঞ্চলে জ্বালানি মজুদ, সরবরাহ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ<br>• তেল, গ্যাস ও অন্যান্য খনিজ সম্পদ উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ |
| **৩. জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ**<br>কৃষি, যোগাযোগ, শিল্প ও বিদ্যুৎ খাতে জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহ অত্যাবশ্যক বিধায় এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • দেশের সকল অঞ্চলে জ্বালানি মজুদ, সরবরাহ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ |
| **৪. সিস্টেম লস হ্রাস, অপারেশনাল দক্ষতা বৃদ্ধি ও বকেয়া বিল আদায় জোরদারকরণ**<br>গ্যাস বিতরণ ব্যবস্থাপনায় সিস্টেম লস হ্রাস, তেল বিপণনে অপারেশনাল দক্ষতা বৃদ্ধি ও বকেয়া আদায় কার্যক্রম জোরদার করার মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধি করা এবং জ্বালানি আমদানি ব্যয় ও ভর্তুকির পরিমাণ কমিয়ে আনা সম্ভব বিধায় এ খাতকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • দেশের সকল অঞ্চলে জ্বালানি মজুদ, সরবরাহ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ |
| **৫. কয়লা খাতের উন্নয়ন**<br>গ্যাসের মজুদ ক্রমান্বয়ে হ্রাস পাওয়ায় জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে বিকল্প জ্বালানি হিসেবে কয়লা খাতের উন্নয়নকে অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করা হয়েছে। | • তেল, গ্যাস ও অন্যান্য খনিজ সম্পদ উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৫-২৬ হতে ২০২৭-২৮)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| সচিবালয়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | ১০১৯,৬৬,৫০ | ৯৭২,১০,৬৫ | ২০৯৬,৬৯,৩০ | ২২৫৭,৯০,০০ | ২৪১৬,০৪,০০ |
| প্রধান কার্যালয়, বিস্ফোরক অধিদপ্তর | ২,৭০,২১ | ২,৬০,২১ | ২,৭০,৮০ | ৩,০৪,০০ | ৩,১৪,০০ |
| বিস্ফোরক পরিদর্শকের কার্যালয়সমূহ | ৩,১৯,২৯ | ৩,১৯,২৯ | ৩,৪৭,০০ | ৩,৬৫,০০ | ৩,৬৯,০০ |
| খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো | ৮,৭১,০০ | ৮,১৫,৯৪ | ৮,০৫,৫০ | ৮,১০,০০ | ৮,৪৪,০০ |
| বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর | ৫২,২৮,০০ | ৬৭,০১,১৪ | ৬৭,০৭,৪০ | ৫৭,৭৭,০০ | ৬২,২৮,০০ |
| **সর্বমোট :** | **১০৮৬,৫৫,০০** | **১০৫৩,০৭,২৩** | **২১৭৮,০০,০০** | **২৩৩০,৪৬,০০** | **২৪৯৩,৫৯,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ৪৩,৭৯,৮৪ | ৪২,৬২,০৮ | ৪৬,৫৫,২৭ | ৪৮,৮১,৮১ | ৫০,৫৯,৪২ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ৫,২৪,৩৮ | ৬,৮০,৪৩ | ৮,৩১,৪৮ | ৫,৬৭,৩৯ | ৬,১৫,২৯ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ১,৬৭,২৫ | ১,১৯,৫০ | ১,৯৭,৯০ | ১৪,২৫ | ১৫,২৫ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৫-২৬ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ১,৬১,৪৫ | ৪,০৮,৯৫ | ২,৪১,৯৫ | ১,৯০,৩২ | ২,২০,৭০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ১,৮৮,০০ | ১,৮৮,০০ | ১,৯৫,১৫ | ২,১৯,৬৫ | ২,২৩,৪০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ১,৬২,৪৫ | ২,৩৯,০৭ | ২,০০,৭১ | ১,৭৯,৫২ | ২,০৩,১৫ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ৫৩,০০ | ২৬,৫০ | ৪০,০০ | ৫৩,০০ | ৫৩,০০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ১,১৫,৬৭ | ১,৫০,৭০ | ১,৫৬,৩৩ | ১,৫৬,২৩ | ১,৬৮,৫৫ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৫১,৫৫ | ৪৯,৪৫ | ৫৩,৫৭ | ৫৬,৭৮ | ৫৯,৪০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৭,৭৫,৩১ | ১৪,৫৪,২৪ | ১৪,০৫,১৭ | ১০,০২,৬৮ | ১১,১২,৭০ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৫,৭২,০৫ | ৫,৮৮,২৬ | ৫,২৬,৯৫ | ৬,৩৯,২৫ | ৬,৬৫,৬৫ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ৩,৫৩,০০ | ৩,৪৪,০০ | ৩,৫০,০০ | ৩,৬৫,০০ | ৩,৮৯,০০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৫,৭৫ | ৫,২৫ | ৫,৭৫ | ৭,৫০ | ৮,২৫ |
| ৩৮২৩ | প্রকল্পের আবর্তক স্থানান্তর | ০ | ০ | ০ | ৯৭০,৬৫,৫৫ | ১১৪,৪৪,৯৫ |
| ৩৯১১ | সংরক্ষিত | ১,১২,৫০ | ০ | ১,৮২,৩০ | ০ | ০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **৭৬,২২,২০** | **৮৫,১৬,৪৩** | **৯০,৪২,৫৩** | **১০৫৩,৯৮,৯৩** | ২০২,৩৮,৭১ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ৪,৫০,০০ | ৪,৫০,০০ | ৪,৯৭,০০ | ৭,০০,০০ | ৮,৪৯,১৩ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৭,৯৭,৮০ | ৯,৮০,৮০ | ১০,২০,৯৯ | ৭,৫১,৬২ | ৮,২৮,১১ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ২৬,০০ | ২,৪৭,০০ | ১২,৪৮ | ২৫,০০ | ২৫,০০ |
| ৪২১১ | প্রকল্প মূলধন ব্যয় | ০ | ০ | ০ | ১০৩০,৭০,৪৫ | ২০৭৪,৬৬,২২ |
| ৪৯১১ | সংরক্ষিত | ৭০,০০,০০ | ০ | ৮১,১২,০০ | ২৩১,০০,০০ | ১৯৯,৫১,৮৩ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **৮২,৭৩,৮০** | **১৬,৭৭,৮০** | **৯৬,৪২,৪৭** | **১২৭৬,৪৭,০৭** | ২২৯১,২০,২৯ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ৭৭৭,৪২,৫৪ | ৮৪৬,৮০,৯১ | ১৬৪১,৯৪,৫৬ | ০ | ০ |
| ৭২১৬ | সমমূলধন (Equity) ও বিনিয়োগ তহবিল শেয়ার | ১৫০,১৬,৪৬ | ১০৪,৩২,০৯ | ৩৪৯,২০,৪৪ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **৯২৭,৫৯,০০** | **৯৫১,১৩,০০** | **১৯৯১,১৫,০০** | **০** | ০ |
| | **সর্বমোট :** | **১০৮৬,৫৫,০০** | **১০৫৩,০৭,২৩** | **২১৭৮,০০,০০** | **২৩৩০,৪৬,০০** | ২৪৯৩,৫৯,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |
| ১. গ্যাস উৎপাদন বৃদ্ধিকরণ | ২, ৪ | বৃদ্ধির হার% | - | -৬.৩৯ | -৯.৬০ | -৪.৪১ | ০০ | -৪.৯২ | ০০ |
| ২. আহরিত কয়লা | ৪ | বৃদ্ধির হার % | | -১৫.০০ | -৭.৯৮ | ৪.৭৬ | ৩.১৭ | ২৩.০৮ | ০০ |
| ৩. আমদানিকৃত ও সররবাহকৃত জ্বালানি তেল পরিশোধন | ৩ | বৃদ্ধির হার % | - | ০৯.৯৩ | ৯.৪৫ | -৫.৪০ | ২.৮৬ | ১.৩৯ | ১.৩৯ |
| ৪. এলএনজি আমদানি হ্রাসকরণ | ৪ | বৃদ্ধির হার % | - | ১৭.৯০ | ৮.৭৪ | -১০.০০ | ২৮.৮৯ | ৩.৪৫ | ০০ |
| ৫. সিস্টেম লস হ্রাসকরণ | ৩ | % | - | - | - | ১০.০০ | ৮.০০ | ৬.০০ | ৫.০০ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

**৬.১.১ সাম্প্রতিক অর্জন:** ২০২৪-২৫ অর্থবছরে "ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ভ্রাম্যমান পদ্ধতিতে পণ্য বিক্রয়/সরবরাহের লক্ষ্যে ডিলার/সরবরাহকারী নিয়োগ সংক্রান্ত নীতিমালা, ২০২৪" প্রণয়ন করা হয়েছে। গ্যাস সিস্টেমে লস হ্রাসকরণ, রাজস্ব আয় বৃদ্ধি, সর্বোপরি গ্যাস সাশ্রয়ের পাশাপাশি গ্রাহক সেবার মানোন্নয়ন এবং জনগণের মধ্যে জ্বালানি সাশ্রয়ের মনোভাব সৃষ্টির লক্ষ্যে ২০২৪ সালে '' আবাসিক পর্যায়ে খোলা বাজার হতে স্মার্ট প্রি-পেইড গ্যাস মিটার ক্রয় ও স্থাপন নীতমালা, ২০১৯" সংশোধন করা হয়েছে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, ২০০৩ অধিকতর সংশোধনক্রমে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪'' জারী করা হয়েছে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী জ্বালানি খাত পরিচালনার জন্য জ্বালানি বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় পেট্রোবাংলার আওতায় বিগত তিন বছরে ৭টি অনুসন্ধান কূপখনন করা হয়েছে এবং ১৩ টি উন্নয়ন কূপখনন ও ওয়ার্কওভার সম্পন্ন করা হয়েছে। একই সময়ে ৪১৭৮ লাইন কি.মি. দ্বিমাত্রিক ও ৭০৩ বর্গ কি.মি. ত্রিমাত্রিক জরিপ সম্পন্ন করা হয়েছে। জাতীয় কোম্পানি ও আইওসির মাধ্যমে দৈনিক গ্যাস সরবরাহ ২৭৫০ এমএমসিএফডিতে উন্নীত হয়েছে। ১৩.৭৪ মিলিয়ন টন এলএনজি আমদানি করা হয়েছে । গত তিন বছরে ১৬৪ কি.মি. গ্যাস সঞ্চালন পাইপলাইন এবং ২৮৮ কি.মি. গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ করা হয়েছে। গৃহস্থালী, শিল্প ও সিএনজি শ্রেণিতে প্রায় ২.০৯ লক্ষের অধিক প্রিপেইড মিটার ও ইভিসিযুক্ত মিটার সংযোজন করা হয়েছে। এ সময়ে ১.৯১ মিলিয়ন মেট্রিক টন কয়লা উৎপাদিত হয়েছে এবং ২.৩৭৮ মিলিয়ন মেট্রিক টন গ্রানাইট পাথর বিপণন করা হয়েছে। গত তিন বছরে বিপিসি ৪৩,২৪,৭৪২.০০ মেঃ টন অপরিশোধিত এবং ১,৫৫,২২,১৩৯.০০ মে. টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করেছে।

#### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রাঃ

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রযোজ্য নয় | | | | | | | | | | |

#### ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪২০১০১ - সচিবালয়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | | ১১,৬৭,২৬ | ১৮,৫২,৮৫ | ১৭,৫২,০০ | ২০,৯০,৬৫ | ২১,৮৭,২৫ | ২৩,৫০,২৫ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১১,৬৭,২৬** | **১৮,৫২,৮৫** | **১৭,৫২,০০** | **২০,৯০,৬৫** | **২১,৮৭,২৫** | **২৩,৫০,২৫** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২৭০০৩৪০১ - কমিশন ফর দি জিওলজিক্যাল ম্যাপ অব দি ওয়ার্ল্ড (সিজিএমডব্লিউ) | ১,২ | ৫০ | ৮০ | ৮০ | ৮০ | ৯০ | ৯০ |
| ১২৭০১০১০১ - ইন্টারন্যাশনাল ইউনিয়ন অব জিওলজিক্যাল সায়েন্সেস (আইইউজিএস) | ১,২ | ৬০ | ৮৫ | ৮৫ | ৮৫ | ৮৫ | ৮৫ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **১,১০** | **১,৬৫** | **১,৬৫** | **১,৬৫** | **১,৭৫** | **১,৭৫** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১১,৬৮,৩৬** | **১৮,৫৪,৫০** | **১৭,৫৩,৬৫** | **২০,৯২,৩০** | **২১,৮৯,০০** | **২৩,৫২,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১৪২ - জ্বালানিও খনিজ সম্পদ বিভাগের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | | ০ | ৭০,০০,০০ | ০ | ৮১,১২,০০ | ২৩১,০০,০০ | ৫৮,১০,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **০** | **৭০,০০,০০** | **০** | **৮১,১২,০০** | **২৩১,০০,০০** | **৫৮,১০,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **০** | **৭০,০০,০০** | **০** | **৮১,১২,০০** | **২৩১,০০,০০** | **৫৮,১০,০০** |
| মোট : | | **১১,৬৮,৩৬** | **৮৮,৫৪,৫০** | **১৭,৫৩,৬৫** | **১০২,০৪,৩০** | **২৫২,৮৯,০০** | **৮১,৬২,০০** |

## ৬.২ পেট্রোবাংলা

**৬.২.১ সাম্প্রতিক অর্জন:** পেট্রোবাংলার আওতায় বিগত তিন বছরে ৭টি অনুসন্ধান কূপখনন করা হয়েছে এবং ১৩ টি উন্নয়ন কূপখনন ও ওয়ার্কওভার সম্পন্ন করা হয়েছে। এছাড়া, ৪১৭৮ লাইন কি.মি. দ্বিমাত্রিক ও ৭০৩ বর্গ কি.মি. ত্রিমাত্রিক জরিপ সম্পন্ন করা হয়েছে। জাতীয় কোম্পানি ও আইওসির মাধ্যমে দৈনিক গ্যাস সরবরাহ ২৭৫০ এমএমসিএফডিতে উন্নীত হয়েছে । এছাড়া, ১৩.৭৪ মিলিয়ন টন এলএনজি আমদানি করা হয়েছে । গত তিন বছরে ১৬৪ কি.মি. গ্যাস সঞ্চালন পাইপলাইন এবং ২৮৮ কি.মি. গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ করা হয়েছে। গৃহস্থালী এবং শিল্প ও সিএনজি শ্রেণীতে প্রায় ২.০৯ লক্ষের অধিক প্রিপেইড মিটার ও ইভিসিযুক্ত মিটার সংযোজন করা হয়েছে। এ সময়ে ১.৯১ মিলিয়ন মেট্রিক টন কয়লা উৎপাদিত হয়েছে এবং ২.৩৭৮ মিলিয়ন মেট্রিক টন গ্রানাইট পাথর বিপণন করা হয়েছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. দেশের বিভিন্ন অঞ্চলে জ্বালানি উৎস অনুসন্ধান | খননকৃত অনুসন্ধান কূপ | ১ | সংখ্যা | ২ | ০ | ৩ | ১ | ১ | ১ | ১ |
| ২. গ্যাস উন্নয়ন ও ওয়ার্ক ওভার কূপ খনন | খননকৃত ওয়ার্ক ওভার কূপ | ১ | সংখ্যা | ৫ | ৫ | ১০ | ৪ | ৪ | ৪ | ৮ |
| ৩. জাতীয় কোম্পানি ও আইওসি’র মাধ্যমে গ্যাস উৎপাদন | জাতীয় কোম্পানির মাধ্যমে উৎপাদিত গ্যাস | ১ | বি.সি.এফ. | ৪৫০ | ২৯৯.২৮ | ৪৪০ | ২৮১ | ২৯৯ | ৪৪২ | ৪৬২ |
| | আইওসি’র মাধ্যমে উৎপাদিত গ্যাস | ১ | বি.সি.এফ. | ২৫০ | ৪৫৩ | ২৪০ | ৪১১ | ৩৫৩ | ৫০৪ | ৪৫৩ |
| ৪. দেশের বিভিন্ন স্থানে সঞ্চালন পাইপ লাইন নির্মাণ ও সম্প্রসারণ | স্থাপিত গ্যাস সঞ্চালন পাইপ লাইন | ২ | কি:মি: | ১৮ | ১৮ | ৩০ | ১০ | ০ | ০ | ০ |
| ৫. দেশের বিভিন্ন স্থানে গ্যাস বিতরণ পাইপ লাইন সম্প্রসারণ | স্থাপিত গ্যাস বিতরণ পাইপলাইন | ২ | কি:মি: | ৬০ | ৬০.৮৩৯ | ৭০ | ৪০ | ৪০ | ৬৫ | ৬৫ |
| ৬. বাপেক্স কর্তৃক ২ডি ও ৩ডি সিসমিক সার্ভে সম্পাদন | ২ডি জরিপকৃত | ১ | লাইন কি.মি. | ৯৫০ | ১০৭২ | ১২০০ | ৯০০ | ৭০০ | ৭০০ | ৭০০ |
| | ৩ডি জরিপকৃত | | বর্গ কি.মি, | ৩০০ | ৩০০ | ০ | ০ | ৭০০ | ৭৫০ | ০ |
| ৭. ভূ-তাত্ত্বিক জরিপ সম্পাদন | সম্পাদিত ভূ-তাত্ত্বিক জরিপ | ১ | লাইন কি.মি. | ৮৫ | ৮৫ | ৮০ | ৮৫ | ৯০ | ৯০ | ৯০ |
| ৮. কঠিন শিলা উত্তোলন | উত্তোলিত কঠিন শিলার পরিমাণ | ৩ | লক্ষ মে.টন | ৪ | ১৩.১৫ | ১০ | ১২ | ১৫.৩২ | ১৫.৩২ | ১৫.৩২ |
| ৯. পেট্রোলিয়াম প্রোডাক্টেস এর উৎপাদন | উৎপাদিত পেট্রোলিয়াম প্রোডাক্টস | ১ | মিলিয়ন টন | ৩৭০ | ৪৭০.৫৫৮ | ৩৫০ | ৪০০ | ৩৭৫ | ৩৩০ | ৩৩০ |
| ১০. মিটার স্থাপন | আবাসিক শ্রেণিতে স্থাপিত প্রি-পেইড মিটার | ২ | সংখ্যা | ৯৫০০০ | ১২৬৪৮৮ | ৬২০০০ | ৪২০০০ | ১১৮৫০০ | ৭৪৪০০ | ৭০৮১২৫ |
| | ইভিসি যুক্ত মিটার স্থাপিত | | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১১. বিকল্প জ্বালানি হিসেবে কয়লা উত্তোলন | আহরিত কয়লার পরিমাণ | ৩ | মি মে.টন | .৬০ | .৬৫২ | .৬০ | .৬৩ | .৬৫ | .৮০ | .৮০ |
| ১২. এলএনজি আমদানি | আমদানিকৃত এলএনজি | ২ | এমটিপিএ | ৩.৯ | ৪.৫৯৮ | ৫.০০ | ৪.৫ | ৬.৫৬২৫ | ৭.১৫ | ৭.১৫ |
| ১৩. গ্যাসের অবৈধ সংযোগ ও খেলাপী গ্রাহকদের সংযোগ বিচ্ছিন্নকরণ | সিস্টেম লস হ্রাস কল্প অবৈধ সংযোগ বিচ্ছিন্ন | ৩ | সংখ্যা | ১৮০০০ | ২৪৬৪৫ | ১৩৩০০ | ১৮৫০০ | ১০০০০ | ৮৫০০ | ৮৫০০ |
| ১৪. মাথাপিছু অনবায়নযোগ্য জ্বালানির ব্যবহার | মাথাপিছু গ্যাস ব্যবহার | ৪ | সমতুল্য কি.গ্রা তেল | ১৩৮.৪০৮ | ১৫১.৮২৬ | ১২৯.৮৯৮ | ১৪০.০০৩ | ১৪৭.৪৮৮ | ১৯৪.০৯৩ | ১৮৯.৬৮৬ |
| | মাথাপিছু কয়লা ব্যবহার | | | ২.৪০৫ | ২.৬১ | ২.৩৮ | ২.৪৯ | ২.৫৪ | ৩.০৯ | ৩.০৫ |
| | মাথাপিছু পেট্রোলিয়াম প্রোডাক্টস এর ব্যববহার | | | ১.৭৭ | ২.২৫ | ১.৬৫ | ১.৮৯ | ১.৭৫ | ১.৫২ | ১.৫০৪ |

## ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৩০৫০২০০ - জ্বালানি খাতে শক্তি স্থানান্তর, নিরাপত্তা ও জ্বালানি দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরি সহায়তা প্রকল্প। (০১/০১/২০২৪ - ৩১/১২/২০২৬) অনুমোদিত | ১৪ | ০ | ১,০০,০০ | ১,০০,০০ | ৯,০০,০০ | ৯,০৭,৫০ | ০ |
| ২২৩০৫৪২০০ - রশিদপুর -১১ নং কূপ (অনুসন্ধান কূপ) খনন শীর্ষক প্রকল্প (০১/১০/২০২৪-৩০/০৬/২০২৬) অনুমোদিত | ২ | ০ | ০ | ০ | ৫০,০০,০০ | ৪৩,২২,০০ | ০ |
| ২২৪২৭৩২০০ - বগুড়া-রংপুর- সৈয়দপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত) (০১/১০/২০১৮ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ৪ | ২৮০,৯৩,৩৫ | ১২০,২০,০০ | ৯৬,৩৫,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩৪৮৪০০ - বাখরাবাদ-মেঘনাঘাট-হরিপুর গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২১- ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ৪ | ০ | ২০৫,১৬,০০ | ১১০,৮৫,০০ | ১৭৫,৭৩,০০ | ০ | ০ |
| ২২৪৩৪৯০০০ - রংপুর-নীলফামারী-পীরগঞ্জ শহর ও তৎসংলগ্ন এলাকায় গ্যাস বিতরণ পাইপলাইন নেটওয়ার্ক নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত) (০১/০৭/২০২১ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ৫ | ৯৭,৪৮,১২ | ১১৫,০০,০০ | ৯৩,৫৩,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩৮৯৩০০ - তেল ও গ্যাস উৎপাদন/সরবরাহ ব্যবস্থায় কার্বন নিঃসরণ হ্রাসকরণ বিষয়ক কারিগরি সহায়তা প্রকল্প। (০১/১০/২০২৩ - ৩০/০৯/২০২৬) অনুমোদিত | ৪,৫ | ০ | ৩,০০,০০ | ৩,০০,০০ | ১২,০০,০০ | ২০,১৯,০০ | ০ |
| ২২৪৩৯০৬০০ - পিজিসিএল অধিভুক্ত এলাকায় স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার, স্কাডা এবং জিআইএস স্থাপন (০১/১০/২০২৩ - ৩০/০৯/২০২৭) অনুমোদিত | ১০ | ০ | ৩,৪৬,০০ | ৯১,০০ | ৬৫,৪৯,০০ | ১২২,৭৯,০০ | ৩০৩,৯৬,০০ |
| ২২৪৩৯০৭০০ - স্মার্ট মিটারিং এনার্জি ইফিসিয়েন্সি ইমপ্রুভমেন্ট প্রজেক্ট [ইনস্টলেশন অফ প্রিপেইড গ্যাস মিটার ফর টিজিটিডিসিএল] (০১/০১/২০২৪ - ৩১/১২/২০২৭) অনুমোদিত | ১০ | ০ | ৪০,৪৬,০০ | ১৭,৩৪,০০ | ৪৮৭,২১,০০ | ১৯২,৭৩,০০ | ৯৩৪,৩২,৬৩ |
| ২২৪৩৯০৮০০ - গ্যাস সেক্টর ইফিয়েন্সি ইমপ্রুভমেন্ট এন্ড কার্বন এব্যাটমেন্ট প্রজেক্ট (ইন্সটলেশন অফ স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার ফর টিজিটিডিসিএল) (০১/০১/২০২৪ - ৩১/১২/২০২৮) অনুমোদিত | ১০ | ০ | ৬১,২৫,০০ | ১,৭৭,০০ | ২৯৬,১৭,০০ | ৬০৪,৪৭,০৩ | ১০৫২,২৭,৩৭ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২২৪৪০৪১০০ - ২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন প্রকল্প (০১/১০/২০২৪ - ৩১/১২/২০২৬) অনুমোদিত | ২ | ০ | ০ | ১৪,৪৪,০০ | ৩৭২,২৭,০০ | ৮৪,০১,০০ | ০ |
| ২২৪৪০৫১০০ - ভোলা নর্থ গ্যাস ক্ষেত্রের জন্য ৬০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্প (০১/০১/২০২৫-৩১/১২/২০২৬) অনুমোদিত | ২ | ০ | ০ | ০ | ১৩,২৮,০০ | ১৭৭,১২,০০ | ০ |
| ২২৪৪০৫২০০ - ২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৭ এন্ড ৯ (০১/১০/২০২৪-৩০/০৬/২০২৭) অনুমোদিত | ৬ | ০ | ০ | ০ | ৯০,০০,০০ | ১৫০,৩২,০০ | ০ |
| ২২৪৪০৬১০০ - ডুপিটিলা-১ ও কৈলাশটিলা-৯নং কূপ (অনুসন্ধান কূপ) খনন (০১/১০/২০২৪-৩০/০৯/২০২৬) অনুমোদিত | ২ | ০ | ০ | ০ | ১২০,০০,০০ | ২৯৫,৭৮,০০ | ০ |
| ২২৪৪০৬৮০০ - হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ (০১/০১/২০২৫-৩০/০৬/২০২৭) অনুমোদিত | ৬ | ০ | ০ | ০ | ১০০,০০,০০ | ১২৬,৯৮,০০ | ২৯,৯৭,০০ |
| ২২৪৪০৬৯০০ - তিতাস ও কামতা ফিল্ডে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন (০১/০১/২০২৫-৩০/০৯/২০২৭) অনুমোদিত | ২ | ০ | ০ | ০ | ২০০,০০,০০ | ১৭২,৯০,০০ | ১০,০০,০০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৩৭৮,৪১,৪৭** | **৫৪৯,৫৩,০০** | **৩৩৯,১৯,০০** | **১৯৯১,১৫,০০** | **১৯৯৯,৫৮,৫৩** | **২৩৩০,৫৩,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৩৭৮,৪১,৪৭** | **৫৪৯,৫৩,০০** | **৩৩৯,১৯,০০** | **১৯৯১,১৫,০০** | **১৯৯৯,৫৮,৫৩** | **২৩৩০,৫৩,০০** |
| মোট : | | **৩৭৮,৪১,৪৭** | **৫৪৯,৫৩,০০** | **৩৩৯,১৯,০০** | **১৯৯১,১৫,০০** | **১৯৯৯,৫৮,৫৩** | **২৩৩০,৫৩,০০** |

## ৬.৩ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)

৬.৩.১ **সাম্প্রতিক অর্জন:** বিপিসি গত তিন বছরে মোট ৪৩,২৪,৭৪২.০০ মে. টন অপরিশোধিত এবং ১,৫৫,২২,১৩৯.০০ মেঃ টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করেছে। এ সময়ে "ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন" শীর্ষক প্রকল্পের অধীনে ১৩১.৫০ কি.মি. পাইপলাইন এবং "ইন্সটলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং উইথ ডাবল পাইপলাইন" প্রকল্পের অধীনে ২২০ কি.মি. পাইপলাইনের সফল কমিশনিং সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে ২.০০ লক্ষ মে.ট. স্টোরেজ ক্যাপাসিটি বৃদ্ধি করা হয়েছে। এছাড়াও "চট্টগ্রাম হতে ঢাকা পর্যন্ত পাইপ লাইনে জ্বালানি তেল পরিবহন" শীর্ষক প্রকল্পের অধীনে ২৫০.০০ কি.মি. পাইপলাইন স্থাপন করা হয়েছে। এ সময়ে স্টোরেজ মজুদ ক্ষমতা প্রায় ২১০২৫০ মেট্রিক টন বৃদ্ধি পেয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. পরিশোধিত তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি | মজুদ ক্ষমতা | ৩ | লক্ষ মে. টন | ২.০০ | ২.০০ | ৫০ | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | ০.৫০ |
| ২. অপরিশোধিত পেট্রোলিয়াম পরিশোধনের ক্ষমতা বৃদ্ধি | পরিশোধনের ক্ষমতা | | লক্ষ মে. টন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ১.০০ |
| ৩. এলপিজি'র সরবরাহ বৃদ্ধি | সরবরাহের পরিমাণ | ৩ | লক্ষ মে.টন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪. অপরিশোধিত তেল আমদানি, পরিশোধন ও সুষ্ঠু বিতরণ | অপরিশোধিত তেল আমদানির পরিমাণ | | লক্ষ মে.টন | ১৫.০০ | ১২.৪৮ | ১৩.০০ | ১৫.০০ | ১৪.০০ | ১৫.০০ | ১৫.০০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৫. পরিশোধিত জ্বালানি তেল আমদানি ও সরবরাহ | পরিশোধিত তেল আমদানির পরিমাণ | | লক্ষ মে.টন | ৬১.৫০ | ৬৭.৬১ | ৬৮.২০ | ৭০.০০ | ৭২.০০ | ৭৩.০০ | ৭৪.০০ |
| ৬. পেট্রোলিয়াম পাইপলাইন স্থাপন | স্থাপিত পাইপলাইন | | কি:মি: | ১৫.০০ | ১৫ | ৫.০০ | ৫.০০ | ১.৫ | ০.০০ | ০.০০ |
| ৭. অটোমেশন কার্যক্রম | অটোমেশনকৃত জ্বালানি ডিপো | | ডিপো সংখ্যা | ১.০০ | ০.০০ | ১.০০ | ০.০০ | ২০.০০ | ৩০.০০ | ৩৯.০০ |

## ৬.৩.৩ অপারেশন ইউনিট, স্কিম ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪০৬২৩০০ - * ইনস্টলেশন অব সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) উইথ ডাবল পাইপ লাইন (৪র্থ সংশোধিত) (০১/১১/২০১৫ - ৩১/১২/২০২৪) অনুমোদিত | ৪,৬ | ১০৯১,৩৮,৯৭ | ৩৭৮,০৬,০০ | ৬১১,৯৪,০০ | ০ | ০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **১০৯১,৩৮,৯৭** | **৩৭৮,০৬,০০** | **৬১১,৯৪,০০** | **০** | **০** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **১০৯১,৩৮,৯৭** | **৩৭৮,০৬,০০** | **৬১১,৯৪,০০** | **০** | **০** | **০** |
| মোট : | | **১০৯১,৩৮,৯৭** | **৩৭৮,০৬,০০** | **৬১১,৯৪,০০** | **০** | **০** | **০** |

## ৬.৪ বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

**৬.৪.১ সাম্প্রতিক অর্জন**: বিগত ৩ বছরে বাংলাদেশে প্রায় ৭৬৭৫ বর্গ কি.মি. এলাকার ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন, প্রায় ১০৫২ বর্গকি.মি. এলাকার ভূপদার্থিক জরিপ, ৬০ লাইন কি.মি. সাইসমিক জরিপ ও ১৪০ বর্গ কি.মি. এলাকার রাসায়নিক মৌলের উপস্থিতি ও পরিমাণ নির্ণয় সম্পন্ন হয়েছে। এ সময়ে ২টি কূপখনন ও ৯৬৬টি নমুনা বিশ্লেষণ সম্পন্ন হয়েছে। জার্মানির কারিগরি সহায়তায় “জিওইনফরমেশন ফর আরবান প্ল্যানিং এন্ড এডাপটেশন টু ক্লাইমেট চেঞ্জ (জিওইউপিএসি)” শীর্ষক প্রকল্পের আওতায় বরিশাল ও খুলনা সিটি কর্পোরেশন, ফরিদপুর ও সাতক্ষীরা পৌরসভা ও আশপাশের এলাকায় বিভিন্ন ভূতাত্ত্বিক, ভূ-প্রকৌশল মানচিত্র, ৩-ডি ভূতাত্ত্বিক মডেল ও নগর পরিকল্পনায় সহায়ক বিভিন্ন ধরনের ডিজিটাল মানচিত্র ও তথ্য ভান্ডার প্রস্তুত করা হয়েছে। প্রাপ্ত সমস্ত তথ্য ISEG ডিজিটাল ডাটাবেজে সংরক্ষণ করা হয়েছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ভূতাত্ত্বিক মানচিত্রায়ন | ভূতাত্ত্বিক মানচিত্রায়ন এর আয়তন | ২ | বর্গ কি.মি | ১৫৯৯ | ১৬৪৩ | ১৫৮৪ | ১৫৮৪ | ১৫৫৬ | ১৬৩০ | ১৭০৫ |
| ২. খনিজ সম্পদ অনুসন্ধান (খনন) | খনিজ সম্পদ খনন | ২ | সংখ্যা | ১ | ০.০ | ১ | ১ | ১ | ১ | ১ |
| ৩. ভূ-প্রকৌশল মানচিত্রায়ন | ভূ-প্রকৌশল মানচিত্রায়ন এর আয়তন | ২ | বর্গ কি.মি | ৬০ | ৬০ | ৬৫ | ৬৫ | ০ | ০ | ০ |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, স্কিম ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪২০৪০১ - বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর | ১-৪ | ৩৪,২২,৭৪ | ৫২,২৮,০০ | ৪৯,৬৪,১৪ | ৫৩,০২,৪০ | ৫৭,৭৭,০০ | ৬২,২৮,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৩৪,২২,৭৪** | **৫২,২৮,০০** | **৪৯,৬৪,১৪** | **৫৩,০২,৪০** | **৫৭,৭৭,০০** | **৬২,২৮,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৩৪,২২,৭৪** | **৫২,২৮,০০** | **৪৯,৬৪,১৪** | **৫৩,০২,৪০** | **৫৭,৭৭,০০** | **৬২,২৮,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৩০৫২৫০০ - জলবায়ু পরিবর্তন সহিষ্ণু নগরায়নের জন্য ভূতাত্ত্বিক তথ্যের ব্যবহার (জিআইসিউ) (০১/০৭/২০২৩ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ১,৩ | ০ | ০ | ১৭,৩৭,০০ | ১৪,০৫,০০ | ০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **০** | **০** | **১৭,৩৭,০০** | **১৪,০৫,০০** | **০** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **০** | **০** | **১৭,৩৭,০০** | **১৪,০৫,০০** | **০** | **০** |
| মোট : | | **৩৪,২২,৭৪** | **৫২,২৮,০০** | **৬৭,০১,১৪** | **৬৭,০৭,৪০** | **৫৭,৭৭,০০** | **৬২,২৮,০০** |

## ৬.৫ বিস্ফোরক পরিদপ্তর

৬.৫.১ **সাম্প্রতিক অর্জন:** বিস্ফোরক পরিদপ্তর বিস্ফোরক কর্তৃক ও পেট্রোলিয়াম অ্যাক্টের অধীনে বিগত তিন বছরে ১৬৪৫টি লাইসেন্স ইস্যু করা হয়েছে যার বিপরীতে ৪১১৪৩৪টি এলপিজি সিলিন্ডার আমদানি করা হয়েছে। ৬২৮টি এলপিজি সিলিন্ডার মজুদের লাইসেন্স প্রদান করা হয়েছে। এছাড়া ১৫৭৮০টি ট্যাঙ্ক পরীক্ষণপূর্বক গ্যাস মুক্ত পরীক্ষণ সনদ, প্রজ্বলনীয় তরল পদার্থ আমদানির জন্য ৮০৯২টি অনাপত্তি পত্র ও ১৬৬টি ক্ষেত্রে গ্যাস পরিবহনের অনুমতি প্রদান করা হয়েছে। বিস্ফোরক দ্রব্য সংক্রান্ত মামলায় প্রাপ্ত আলামতসমূহ পরীক্ষা-নিরীক্ষা করে ৬৮৪টি ক্ষেত্রে মতামত প্রদান করা হয়েছে।

### ৬.৫.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বিভিন্ন দাহ্য পদার্থের উৎপাদন, মজুদ, পরিবহন ও ব্যবহারে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় অনাপত্তি, লাইসেন্স ইস্যু ও নবায়ন | পেট্রোলিয়াম ও দাহ্য পদার্থসহ অন্যান্য বিস্ফোরক পদার্থের লাইসেন্স আবেদন নির্ধারিত সময়ে নিষ্পত্তির হার | ৩ | %/সংখ্যা | ১০০% | ১০০% | ১০০% | ১০০৫ | ১০০% | ১০০% | ১০০% |
| | বেজা/এসইজেড অঞ্চলের শিল্পে লাইসেন্স আবেদন নির্ধারিত সময়ে নিষ্পত্তির হার | | | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| | এলপিজি'র সিলিন্ডার আমদানি সংক্রান্ত এনওসি এর আবেদন নির্ধারিত সময়ে নিষ্পত্তি | | | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| | এল.পি.জি.'র সিলিন্ডার মজুদের লাইসেন্স আবেদন নির্ধারিত সময়ে | | | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | নিষ্পত্তি | | | | | | | | | |
| | পেট্রোলিয়াম পরিবাহী ও স্ক্র্যাপ জাহাজে গ্যাসমুক্ত পরীক্ষণের সনদের আবেদন নির্ধারিত সময়ে নিষ্পত্তি | | | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| ২. বিস্ফোরক দ্রব্য পরীক্ষণ | বিস্ফোরক দ্রব্য পরীক্ষণ নির্ধারিত সময়ে নিষ্পত্তিকরণ | | | ১০০% | ১০০% | ১০০৫ | ১০০% | ১০০% | ১০০% | ১০০% |
| ৩. জ্বালানি সংক্রান্ত ওয়ার্কশপ, সেমিনার, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা | ওয়ার্কশপ-সেমিনার আয়োজন | ২ | | ১ | ২ | ১ | ২ | ৩ | ৩ | ৩ |

## ৬.৫.৩ অপারেশন ইউনিট, স্কিম ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪২০২০১ - প্রধান কার্যালয়, বিস্ফোরক অধিদপ্তর | ১-৩ | ১,৬৫,২৮ | ২,৭০,২১ | ২,৬০,২১ | ২,৭০,৮০ | ৩,০৪,০০ | ৩,১৪,০০ |
| ১৪২০২০২ - বিস্ফোরক পরিদর্শকের কার্যালয়সমূহ | ১-৩ | ১,৬২,৮৬ | ৩,১৯,২৯ | ৩,১৯,২৯ | ৩,৪৭,০০ | ৩,৬৫,০০ | ৩,৬৯,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৩,২৮,১৪** | **৫,৮৯,৫০** | **৫,৭৯,৫০** | **৬,১৭,৮০** | **৬,৬৯,০০** | **৬,৮৩,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৩,২৮,১৪** | **৫,৮৯,৫০** | **৫,৭৯,৫০** | **৬,১৭,৮০** | **৬,৬৯,০০** | **৬,৮৩,০০** |
| মোট : | | **৩,২৮,১৪** | **৫,৮৯,৫০** | **৫,৭৯,৫০** | **৬,১৭,৮০** | **৬,৬৯,০০** | **৬,৮৩,০০** |

## ৬.৬ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৬.৬.১ **সাম্প্রতিক অর্জন:** খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) গত তিন অর্থবছরে অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ফি, কোয়ারি ইজারা মূল্য, কয়লা ও কঠিন শিলার রয়্যালটি এবং পাথর ও সিলিকাবালু বিক্রয়ের মাধ্যমে মোট ৩৭৯.৩৮ (তিনশত উনআশি কোটি আটত্রিশ লক্ষ) টাকা রাজস্ব আদায় করেছে

## ৬.৬.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. তেল ও গ্যাস ব্যতীত অন্যান্য খনিজ সম্পদ আহরণের উদ্দেশ্যে ইজারা ও লাইসেন্স প্রদান | কোয়ারি ইজারা | ৪ | সংখ্যা | ১০টি | ১২টি | ৫টি | ৫টি | ৭টি | ২টি | ৮টি |
| | অনুসন্ধান লাইসেন্স প্রদান | | | ০ | ১টি | ০ | ০- | ১টি | ০ | ০ |
| | খনি ইজারা প্রদান | | | ০ | ৩টি | ০ | ০ | ০ | ০ | ০ |

### ৬.৬.৩ অপারেশন ইউনিট, স্কিম ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪২০৩০১ - খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো | ১ | ১,৯৭,৭৫ | ৮,৭১,০০ | ৮,১৫,৯৪ | ৮,০৫,৫০ | ৮,১০,০০ | ৮,৪৪,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১,৯৭,৭৫** | **৮,৭১,০০** | **৮,১৫,৯৪** | **৮,০৫,৫০** | **৮,১০,০০** | **৮,৪৪,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১,৯৭,৭৫** | **৮,৭১,০০** | **৮,১৫,৯৪** | **৮,০৫,৫০** | **৮,১০,০০** | **৮,৪৪,০০** |
| মোট : | | **১,৯৭,৭৫** | **৮,৭১,০০** | **৮,১৫,৯৪** | **৮,০৫,৫০** | **৮,১০,০০** | **৮,৪৪,০০** |

## ৬.৭ বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট (বিপিআই)

**৬.৭.১ সাম্প্রতিক অর্জন:** বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে কর্মরত কর্মকর্তা ও পেশাজীবীদের কারিগরি, প্রশাসনিক ও আর্থিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে আসছে। গত তিন বছরে ৭৬ টি প্রশিক্ষণ কোর্স ও ১৪টি ওয়ার্কশপে সর্বমোট ২১৩২ জন অংশগ্রহণ করেছে।

### ৬.৭.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. জ্বালানি বিষয়ক ওয়ার্কশপ, সেমিনার, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা | প্রশিক্ষণ কোর্স পরিচালনা | ২ | সংখ্যা | ২৫ | ২৫ | ২৩ | ২৩ | ২৩ | ২৩ | ২৩ |
| | গবেষণা কার্যক্রম পরিচালনা ও অংশগ্রহণ | | | ১ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ |
| | ওয়ার্কশপ ও সেমিনার পরিচালনা | | | ২ | ১ | ২ | ২ | ২ | ২ | ২ |

### ৬.৭.৩ অপারেশন ইউনিট, স্কিম ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০১৪৩০০ - বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট | ১ | ৩,১৩,০০ | ৩,৫৩,০০ | ৩,৪৪,০০ | ৩,৫০,০০ | ৩,৬৫,০০ | ৩,৮৯,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **৩,১৩,০০** | **৩,৫৩,০০** | **৩,৪৪,০০** | **৩,৫০,০০** | **৩,৬৫,০০** | **৩,৮৯,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৩,১৩,০০** | **৩,৫৩,০০** | **৩,৪৪,০০** | **৩,৫০,০০** | **৩,৬৫,০০** | **৩,৮৯,০০** |
| মোট : | | **৩,১৩,০০** | **৩,৫৩,০০** | **৩,৪৪,০০** | **৩,৫০,০০** | **৩,৬৫,০০** | **৩,৮৯,০০** |

## ৬.৮ হাইড্রোকার্বন ইউনিট

**৬.৮.১ সাম্প্রতিক অর্জন:** হাইড্রোকার্বন ইউনিট গত তিন বছরে জ্বালানি সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর মোট ২৪ (চব্বিশ)টি ওয়ার্কশপ/সেমিনার পরিচালনা এবং ৪৮ (আটচল্লিশ)টি কারিগরি প্রতিবেদন প্রণয়ন করেছে। দেশের প্রাথমিক জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে ১৪ টি গবেষণা কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়াও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/ সংস্থার জন্য সমন্বিত ড্যাশবোর্ড প্রস্তুত করা হয়েছে। এছাড়া বিকল্প জ্বালানি হিসেবে শিল্পখাতে এলপিজি ব্যবহার সংক্রান্ত খসড়া নীতিমালা প্রণয়ন, ও কয়লানীতি প্রণয়ন এবং গ্যাসক্ষেত্রসমূহের সমন্বিত গ্যাস রিজার্ভ হালনাগাদকরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রণীত আইন, বিধি ও নীতিমালার সংকলন (১ম ও ২য় সংস্করণ), পেট্রোবাংলার

কোম্পানিসমূহের আইন, বিধি ও নীতিমালার সংকলন (১ম ও ২য় খন্ড) এবং বিপিসির কোম্পানিসমূহের আইন, বিধি ও নীতিমালার সংকলন প্রণয়ন করা হয়েছে।

### ৬.৮.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. জ্বালানি বিষয়ক ওয়ার্কশপ, সেমিনার, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা | ওয়ার্কশপ/ সেমিনার আয়োজন | ১ | সংখ্যা | ২২ | ১৮ | ২২ | ২০ | ২২ | ২৪ | ২৪ |
| | | ১ | সংখ্যা | ২ | ২ | ১০ | ৬ | ৬ | ৮ | ১০ |
| ২. জ্বালানি সম্পদের মজুদ সংক্রান্ত সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন | সমীক্ষা প্রতিবেদন | ২ | সংখ্যা | ১৪ | ১৪ | ১৪ | ১৪ | ১৪ | ১৪ | ১৪ |

### ৬.৮.৩ অপারেশন ইউনিট, স্কিম ও প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৩-২৪ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| প্রযোজ্য নয় | | | | | | | |